সমকাল

তারিখ 09 FEB 2016
পৃষ্ঠা ৩ কলাম ২

■ গফরগাঁওয়ে বখাটের ঔদ্ধত্য ■

# মাদ্রাসায় ঢুকে ছাত্রীকে অপহরণের চেষ্টা

■ **গফরগাঁও (ময়মনসিংহ) প্রতিনিধি**

উপজেলার পাঁচবাগ ইউনিয়নের পাঁচবাগ ফাজিল মাদ্রাসার দশম শ্রেণীর ছাত্রীকে মাদ্রাসার শ্রেণীকক্ষে ঢুকে অপহরণের চেষ্টা করে ব্যর্থ হয়ে মারধর করেছে এক বখাটে।

সোমবার দুপুরে পাঁচবাগ ফাজিল মাদ্রাসায় বিরতির সময় গাভিসমূল গ্রামের হেলাল উদ্দিনের ছেলে, হোসেনপুর কলেজের একাদশ শ্রেণীর ছাত্র জসিম উদ্দিন তার সঙ্গীদের নিয়ে মাদ্রাসার শ্রেণী কক্ষে ঢুকে দশম শ্রেণীর ছাত্রীকে জোর করে তুলে নিয়ে যাওয়ার জন্য টানাহেঁচড়া শুরু করে। ঐ সময় সে চিৎকার দিলে অন্য শিক্ষার্থীরা এগিয়ে এলে জসিম উদ্দিন শ্রেণী কক্ষেই সবার সামনে তাকে মারধর করে হুমকি দিয়ে চলে যায়। এ ঘটনায় শিক্ষার্থীরা ক্ষুব্ধ হয়ে উঠলে মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ বিচার সালিশের কথা বলে পরিস্থিতি শান্ত করে। এ ঘটনায় শিক্ষার্থীর বাবা পাগলা থানায় অভিযোগ করেন।

এ ব্যাপারে মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ মাওলানা ওয়াহিদুজ্জামান বলেন, এ ঘটনায় বিচারের লক্ষ্যে মাদ্রাসা পরিচালনা কমিটির সদস্যদের নিয়ে বিচারের ব্যবস্থা নেওয়া হবে। মাদ্রাসা পরিচালনা কমিটির সহসভাপতি আবদুস সাত্তার বলেন, ঘটনা শুনেছি। এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে। পাগলা থানার ওসি মো. চান মিয়া বলেন, আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে।